দৈনিক ইত্তেফাক

66

তারিখ ... ... ... MAY 30 2000
পৃষ্ঠা ৩ কলাম ২

# টাঙ্গাইলে প্রাথমিক বিদ্যালয়গুলির অধিকাংশ ছাত্র-ছাত্রী এখনও পাঠ্যবই পায় নাই

টাঙ্গাইল সংবাদদাতা ॥ শিক্ষাবর্ষ শুরু হওয়ার পর সাড়ে তিন মাস অতিবাহিত হইলেও টাঙ্গাইলের প্রাথমিক বিদ্যালয়সমূহের অধিকাংশ ছাত্র-ছাত্রীই এখনও পর্যন্ত বই পায় নাই। এ অবস্থায় তাহাদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হইতেছে। এ পর্যন্ত চাহিদার মাত্র প্রায় একতৃতীয়াংশ বই সরবরাহ ও ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হইয়াছে বলিয়া সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। জেলা প্রাথমিক শিক্ষা দফতরের একটি সূত্রে জানা যায়, জেলার ১১টি উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সংখ্যার হিসাবে প্রয়োজনীয় চাহিদা বিবেচনা করিয়া যথাসময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিভিন্ন শ্রেণীর বিভিন্ন বিষয়ের ১০ লক্ষ ৬০ হাজার ৮৯৯টি বই চাওয়া হইয়াছিল। কিন্তু চাকা

( ৯ম পৃঃ দ্রঃ )

## টাঙ্গাইলে প্রাথমিক

( ৩য় পৃঃ পর )

হইতে এ পর্যন্ত মাত্র তিন লক্ষ ৮১ হাজার ৫৪৬টি বই সরবরাহ করা হইয়াছে। এ অবস্থায় জেলা প্রাথমিক শিক্ষা দফতর জেলার বিভিন্ন উপজেলায় ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য এ বছর সরবরাহ পাওয়া নূতন ও গত বছরের পুরাতন বই মিলাইয়া এ পর্যন্ত মোট পাঁচ লক্ষ ৬৩ হাজার ৭৩৭টি বই সরবরাহ করিয়াছে এবং এই বইগুলি ইতিমধ্যেই বিতরণ করা হইয়াছে। ছাত্র-ছাত্রীদের চাহিদা পূরণ করিতে আরও সাত লক্ষাধিক বইয়ের প্রয়োজন বলিয়া জানা যায়। সকল ছাত্র-ছাত্রী এখনও পর্যন্ত সকল বিষয়ের বই না পাওয়ায় একদিকে তাহাদের লেখাপড়া বিঘ্নিত হইতেছে এবং অপরদিকে অনেকে লেখাপড়ার আগ্রহ হারাইয়া ফেলিতেছে। এ অবস্থায় তাহাদের অভিভাবকরা এবং বিভিন্ন স্কুলের শিক্ষকরা বিপাকে পড়িয়াছেন। অবিলম্বে প্রয়োজনীয় বাক বইসমূহ সরবরাহের ব্যবস্থা জরুরীভিত্তিতে করার জন্য ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা দাবী জানাইয়াছে।